CAPSTONE

# General Knowledge

## Lecture#01

# পেট্রোবাংলা স্পেশাল কোর্স




## Overview

- ☑ মৌর্য
- ☑ গুপ্ত
- ☑ মাৎস্যন্যায়
- ☑ পাল
- ☑ সেন
- ☑ খিলজি
- ☑ সুলতান
- ☑ ব্রিটিশ আমল

**Name:** **Batch:**

Panthapath : 01972-277866
Mirpur : 01970-985421
Mouchak : 01999-017011
Chittangong : 01970-985420

## বাংলার প্রাচীন জনপদ

| প্রাচীন জনপদ | অবস্থান |
|---|---|
| পুণ্ড্র | বৃহত্তর বগুড়া (মহাস্থানগড়, রাজশাহী, দিনাজপুর। |
| বঙ্গ | বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল। |
| সমতট | বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী। |
| গৌড় | চাঁপাইনবাবগঞ্জ এবং বর্তমান ভারতের মুর্শিদাবাদ, মালদহ ও নদীয়া জেলা। |
| বরেন্দ্র | রাজশাহী জেলার উত্তর পশ্চিমাঞ্চল। |
| রাঢ় | পশ্চিম বাংলার দক্ষিণাঞ্চল (বর্ধমান জেলা)। |
| হরিকেল | সিলেট ও পার্বত্য চট্টগ্রাম। |

১। এসব জনপদের মধ্যে প্রাচীনতম হল 'পুণ্ড্র'।
২। 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে সর্ব প্রথম 'বঙ্গ' শব্দের উল্লেখ পাওয়া যায়।
৩। প্রাচীন ভারতীয় গ্রন্থের মধ্যে অন্যতম একটি হচ্ছে কলহনের লেখা 'রাজতরঙ্গিনী'।

## প্রাচীন ভারতীয় সভ্যতা

'অস্ট্রিক' জাতি থেকে বাঙ্গালী+জাতির প্রধান অংশ গড়ে উঠেছে বলে মনে করা হয়।

**১। দ্রাবিড় সভ্যতাঃ**

(i) দস্যু জাতি।
(ii) দক্ষিণ ভারতে বসতি স্থাপন করে।
(iii) প্রধান পেশা কৃষি।

**২। সিন্ধু সভ্যতাঃ**

(i) উপমহাদেশের প্রাচীনতম সভ্যতা।
(ii) ১৯২২ সালে পাকিস্তানের হরপ্পা ও মহেঞ্জোদারো-তে রাখালদাস বন্দোপাধ্যায়, স্যার জন মার্শাল, দয়ারাম সাহনী আবিষ্কার করেন।

**৩। আর্য/ বৈদিক সভ্যতাঃ**

(i) পবিত্র ধর্মগ্রন্থ বেদ।
(ii) সমাজ ৪টি শ্রেণিতে বিভক্ত ছিল (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র)।
(iii) পরিবার প্রধানকে বলা হত 'কুলপ'।
(iv) এ সময় বৌদ্ধ ও জৈন ধর্মের প্রচলন হয়।
(v) বৌদ্ধ ধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ।
জন্ম স্থানঃ নেপালের লুম্বিনীতে।

**আলেকজান্ডারের ভারতীয় উপমহাদেশ আগমনঃ**

(i) ম্যাডিসনের রাজা ২য় ফিলিপসের পুত্র আলেকজান্ডার।
(ii) এরিস্টটল তাঁর গৃহশিক্ষক।
(iii) খ্রিস্টপূর্ব ৩৩৫ অব্দে পিতার মৃত্যুর পর সিংহাসনে আরোহন করেন।
(iv) খ্রিস্টপূর্ব ৩২৭ অব্দে ভারত বর্ষ আক্রমন করেন।
(v) খ্রিস্টপূর্ব ৩২৩ অব্দে ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।

সক্রেটিস → প্লেটো (ছাত্র) → এরিস্টটল (ছাত্র)→ আলেকজেন্ডার

## প্রাচীন বাংলার বিভিন্ন রাজ বংশ

### মৌর্য সাম্রাজ্যঃ খ্রিস্টপূর্ব ৩২৪ -২৩২ অব্দঃ

চন্দ্রগুপ্ত মৌর্য → বিন্দুসার → সম্রাট অশোক

- ভারতীয় উপমহাদেশের ১ম সাম্রাজ্য মৌর্য সাম্রাজ্য।
- মৌর্য সাম্রাজ্যের রাজধানী ছিল পাটালিপুত্র।
- এ সময় বাংলার প্রাদেশিক রাজধানী ছিল পুণ্ড্র নগর।

**চন্দ্রগুপ্ত মৌর্য (খ্রিস্টপূর্ব ৩২৫-৩০০ অব্দ)**

১। মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা।

২। চাণক্য ছিলেন তার প্রধানমন্ত্রী। **চাণক্যের** ছদ্মনাম কৌটিল্য, যার বিখ্যাত গ্রন্থ: অর্থশাস্ত্র।

৩। চন্দ্রগুপ্তের বিয়ে হয় আলেকজান্ডারের সেনাপতি সেলুকাসের কন্যা হেলেনের সাথে।

৪। চন্দ্রগুপ্তের দরবারে সেলুকাসের পাঠানো রাষ্ট্রদূত ছিলেন মেগাস্থিনিস।

৫। মেগাস্থিনিসের প্রাকশিত গ্রন্থ: ইন্ডিকা। এতে তৎকালীন ভারতের আর্থ-সামাজিক অবস্থা তুলে ধরা হয়।

**বিন্দুসার: (খ্রিস্টপূর্ব ৩০০-২৭৩ অব্দ):**

১। চন্দ্রগুপ্তের পর সিংহাসনে আরোহন করেন।

২। ইতিহাসে 'অমিত্রাঘাত' বা 'শত্রুহন্তা' নামে পরিচিত।

**সম্রাট অশোক: (খ্রিস্টপূর্ব ২৬৯-২৩২ অব্দ)**

১। বিন্দুসারের পুত্র সম্রাট অশোক প্রাচীন ভারতের শ্রেষ্ঠ সম্রাট।

২। ইতিহাসে' চন্তশোক' নামে খ্যাত।

৩। সিংহাসনে আরোহনের ৮-ম বছরে 'কলিঙ্গে'র যুদ্ধে জয়ী হন।

৪। এ যুদ্ধে ১ লক্ষ মানুষ মারা যায়।

৫। বৌদ্ধ ধর্ম রাজধর্মের স্বীকৃতি পায়।

৬। তাঁকে 'বৌদ্ধ ধর্মের কনস্ট্যান্টাইন' বলা হয়।

৭। ব্রাহ্মলিপিকে বিলুপ্তির হাত থেকে রক্ষা করেন।

## গুপ্ত সম্রাজ্য : (৩২০-৫৫০ খ্রিস্টাব্দ)

১ম চন্দ্রগুপ্ত → সমুদ্র গুপ্ত → ২য় চন্দ্রগুপ্ত

১। গুপ্ত যুগকে প্রাচীন ভারতীয় উপমহাদেশের স্বর্ণযুগ বলা হয়।

২। ভারতের মহারাস্ট্রের অজন্তা ও ইলোরার গুহাচিত্রে গুপ্ত যুগের নিদর্শন পাওয়া যায়।

**প্রথম চন্দ্রগুপ্ত: (৩২০-৩৪০ খ্রিস্টাব্দ)**

১। গুপ্ত বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা প্রথম চন্দ্রগুপ্ত।

২। ৩২০ খ্রিস্টাব্দে তিনি পাটালিপুত্রের সিংহাসনে আরোহন করেন।

**সমুদ্রগুপ্ত: (৩৪০-৩৮০ খ্রিস্টাব্দ)**

১। গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা।

২। তাঁকে প্রাচীন ভারতের নেপোলিয়ন বলা হত।

**দ্বিতীয় চন্দ্রগুপ্ত: (৩৮০-৪১৫ খ্রিস্টাব্দ)**

১। উজ্জয়িনীতে সাম্রাজ্যের ২য় রাজধানী স্থাপন করেন।

২। তার উপাধি 'বিক্রমাদিত্য'।

৩। তাঁর দরবারে আর্যভট্ট, বরাহমিহির, কালিদাস সহ নানা গুণী ব্যক্তি সমবেত হয়েছিলেন। প্রধান ৯ জন নবরত্ন নামে পরিচিত।

৪। আর্যভট্ট পৃথিবীর আহ্নিক ও বার্ষিক গতি নির্ণয় করেন এবং প্রথম শূন্য (0)-এর ধারনা দেন। গ্রন্থের নাম 'আর্য সিদ্ধান্ত'।

৫। জ্যেতির্বিদ বরাহ মিহিরের বিখ্যাত গ্রন্থ 'বৃহৎ সংহিতা'।

৬। এ সময় প্রথম চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন ভারতে এসেছিলেন। ভারতবর্ষে ১০ বছর অবস্থান করেন।

৭। ৬ষ্ঠ শতকে মধ্য এশিয়ার যাযাবর জাতি 'হুন'দের আক্রমনে গুপ্ত সাম্রাজ্য ভেঙ্গে যায়। এ সময় শাসক ছিলেন বুধগুপ্ত।

**নালন্দা বিশ্ববিদ্যালয়**

১। ভারতের বিহার রাজ্যে অবস্থিত বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয়।

২। হিউয়েন সাং সহ অনেকের মতে এটি প্রতিষ্ঠিত হয়েছিল গুপ্ত সম্রাট কুমার গুপ্ত (শুপ্রাদিত্য)-এর সময়ে।

৩। ১১৯৩ সালে তুর্কি সেনাপতি ইখয়ার উদ্দীন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজি বিশ্ববিদ্যালয়টি ধ্বংস করে ফেলেন।

৪। ১ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে বিশ্ববিদ্যালয়টি পুনরায় চালু হয়।

**গুপ্ত পরবর্তী যুগ**

এ সময় বাংলায় ২টি স্বাধীন রাজ্যের সৃষ্টি হয়। বঙ্গ ও গৌড়।

**শশাঙ্ক:**

১। প্রাচীন বাংলার ১ম স্বাধীন ও সার্বভৌম রাজা।

২। ৬০৬ সালের কিছু আগে গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন।

৩। রাজধানী ছিল কর্ণসুবর্ণ।

৪। উপাধি: রাজাধিরাজ।
৫। শশাঙ্কের ইতিহাস জানা যায় বৌদ্ধ গ্রন্থ 'আর্য মঞ্জু শ্রীমূলকল্প' থেকে।

**হর্ষবর্ধন:**

১। হর্ষবর্ধন পাঞ্জাবের 'পুষ্যভুতি' বংশের শ্রেষ্ঠ রাজা।
২। তৎকালীন সময়ের বিখ্যাত সাহিত্যিক 'বানভট্ট'। তার বিখ্যাত গ্রন্থ 'হর্ষচরিত'।
৩। হর্ষবর্ধনের রাজত্বকালে ৬৩০ খ্রিস্টাব্দে চীনা পরিব্রাজক হিউয়েন সাং ভারতে সফরে আসেন।
৪। হর্ষবর্ধনের দরবারে হিউয়েন সাং ৮ বছর কাটান।
৫। নালন্দা বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ শীল ভদ্রের কাছে হিউয়েন সাং বৌদ্ধ ধর্ম শাস্ত্র অধ্যয়ন করেন।

**মাৎসান্যায়: (৭ম-৮ম শতক)**

শশাঙ্কের পর দীর্ঘদিন বাংলায় কোন যোগ্য শাসক ছিল না। এ জন্য দেখা দেয় অরাজকতা ও বিশৃঙ্খলা। এজন্য এ সময়কে (৭ম-৮ম শতক) তাম্র শাসনে মাৎস্যন্যায় বলে আখ্যায়িত করা হয়েছে।

## পাল বংশ

মাৎস্যন্যায়ের সমাপ্তি → গোপাল → ধর্মপাল → দেবপাল → প্রথম বিগ্রহ পাল → ২য় গোপাল → ১ম মহীপাল → ২য় মহীপাল → রামপাল → মদনপাল।

**গোপাল: (৭৫৬-৭৮১ খ্রিস্টাব্দ)**

১। পাল বংশের প্রথম রাজা গোপাল।
২। পাল বংশই বাংলার প্রথম দীর্ঘস্থায়ী রাজবংশ। প্রায় ৪০০ বছর শাসন করেন।
৩। পাল রাজারা ছিলেন বৌদ্ধ ধর্মাবলম্বী।

**ধর্মপাল: (৭৮১-৮২১ খ্রিস্টাব্দ)**

১। পাল বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ধর্মপাল।
২। ধর্মপালের সময়কালে নওগাঁ জেলার পাহাড়পুর বা সোমপুর বিহার নির্মিত হয়।
৩। 'ত্রিশক্তির সংঘর্ষ' হয়, ধর্মপাল পরাজিত হন।

**দেবপাল: (৮২১-৮৬১ খ্রিস্টাব্দ)**

১। বৌদ্ধ ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন।
২। বৌদ্ধ মঠগুলোর সংস্কার সাধন করেছিলেন।
৩। নালন্দা বিশ্ববিদ্যালয়ের আচার্য নিযুক্ত করেছিলেন ইন্দ্রগুপ্ত নামের ব্রাহ্মণকে।
৪। পাল সাম্রাজ্য পতনের অন্যতম কারণ দেবপালের মৃত্যু।
* গোপাল, ধর্মপাল ও দেবপালের সময়ে পাল সাম্রাজ্যের বিকাশ উর্ধ্ব মুখী হলেও দেবপালের মৃত্যর পর পাল সাম্রাজ্য পতনমুখী হয়।

**প্রথম মহীপাল: (৯৯৫-১০৪৩ খ্রিস্টাব্দ)**

১। এ সময় বাংলার প্রাচীনতম চিত্রকলার নির্দশন তালপাতায় অঙ্কিত নালন্দা মহাবিহারের 'বৌদ্ধ অনুচিত্র' অঙ্কিত হয়।
২। দিনাজপুরের মহীপাল দীঘি ও মুর্শিদাবাদের মহীপালের সাগরদীঘি নির্মাণ করেন।
৩। এ সময় পাল বংশের রবি আবার উদিত হয়েছিল।

**দ্বিতীয় মহীপাল: (১০৭৫-১০৮০ খ্রিস্টাব্দ)**

১। এ সময় কৈবর্ত বিদ্রোহ হয়। কৈবর্ত বিদ্রোহকে রবেন্দ্র বিদ্রোহ বা সামন্ত বিদ্রোহও বলা হয়।

কৈবর্ত বিদ্রোহ:

i. বাংলাদেশ বা তৎকালীন ভারতের ১ম সফল বিদ্রোহ।
ii. বিদ্রোহের প্রধান নেতা ছিলেন দিব্য ও ভীম।
iii. সামন্ত বিদ্রোহ নামেও পরিচিত।

**রামপাল: (১০৮২-১১২৪ খ্রিস্টাব্দ)**

১। পাল বংশের সর্বশেষ শক্তিশালী রাজ রামপাল।
২। রাজধানী স্থাপন করেন মালদহের কাছাকাছি 'রামাবতী' নামক স্থানে।
৩। সন্ধ্যাকর নদীর 'রাম চরিত' গ্রন্থ থেকে তার রাজত্ব সম্পর্কে জানা যায়।

**মদনপাল: (১১৪৩-১১৬১ খ্রিস্টাব্দ)**

১। পাল বংশের সর্বশেষ রাজা। এরপর বাংলায় সেন বংশের শাসন প্রতিষ্ঠিত হয়।

## দক্ষিণ-পূর্ব বাংলার স্বাধীন রাজ্য

**খড়্গ বংশ:**

১। রাজধানী ছিল কর্মান্ত বাসক।
২। আধিপত্য ছিল ত্রিপুরা ও নোয়াখালী অঞ্চলে।

**দেব বংশ:**

১। দেব বংশের চারজন স্বাধীন শাসকের নাম পাওয়া যায়।
২। রাজধানী ছিল কুমিল্লার ময়নামতির কাছে দেব পর্বতে।
৩। রাজত্ব বিস্তৃতি ছিল সমতটে।
৪। রাজারা ছিলেন বৌদ্ধ ধর্মাবলম্বী।

**চন্দ্র বংশ:**

১। দক্ষিণ-পূর্ব বাংলার সবচেয়ে শক্তিশালী স্বাধীন রাজবংশ।
২। সর্বশ্রেষ্ঠ শাসক ছিলেন শ্রী চন্দ্র।
৩। চন্দ্র বংশের প্রতিষ্ঠাতা ত্রৈলোক্যচন্দ্র। তাঁর উপাধি মহারাজাধিরাজ।
৪। শেষ রাজা গোবিন্দচন্দ্র।

## সেন বংশ

সামন্তসেন → হেমন্ত সেন → বিজয় সেন → বল্লাল সেন → লক্ষণ সেন।

সেন বংশের আদিনিবাস ভারতের দক্ষিণাত্যের কর্ণাটক।

**হেমন্ত সেন:**

১। সেন বংশের প্রথম রাজা বাংলায় সেন বংশের প্রতিষ্ঠাতা ছিলেন সামন্ত সেন। তিনি রাজ্য প্রতিষ্ঠা না করায় প্রথম রাজার মর্যাদা দেওয়া হয় হেমন্ত সেনকে।
২। সেন রাজারা হিন্দু ধর্মাবলম্বী ছিলেন।
৩। কৈবর্ত বিদ্রোহের সময় রামপালকে সাহায্য করেন।

**বিজয় সেন: (১০৯৮-১১৬০ খ্রিস্টাব্দ)**

১। সেন বংশের সর্বশ্রেষ্ঠ রাজা।
২। প্রথম রাজধানী হুগলি জেলার বিজয়পুর।
৩। দ্বিতীয় রাজধানী বর্তমান মুন্সিগঞ্জ জেলার বিক্রমপুর।
৪। তিনি শুর বংশের রাজকন্যা বিলাসদেবীকে বিয়ে করেন।

**বল্লাল সেন: (১১৬০-১১৭৮ খ্রিস্টাব্দ)**

১। 'কৌলিন্য প্রথা'র প্রবর্তন করেন।
২। 'দান সাগর' ও 'অদ্ভুত সাগর' গ্রন্থ দুটি রচনা করেন।
৩। 'অদ্ভূত সাগর' গ্রন্থের অসমাপ্ত অংশ তার পুত্র লক্ষণ সেন সমাপ্ত করেন।
৪। তিনি ছিলেন হিন্দু ধর্মের পৃষ্ঠপোষক।

**লক্ষণ সেন: (১১৭৮-১২০৫ খ্রিস্টাব্দ)**

১। সেন বংশের সর্বশেষ রাজা।
২। 'অদ্ভুত সাগর' গ্রন্থের অসমাপ্ত অংশ শেষ করেন।
৩। ১২০৪ সালে মুসলিম সেনাপতি ইখতিয়ার উদ্দীন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজি লক্ষণ সেনকে পরাজিত করে নদীয়া দখল করেন।
৪। লক্ষ্মণ সেনের মৃত্যুর পর তার দুই পুত্র বিশ্বরূপ সেন ও কিশব সেন কিছুকাল পূর্ব বাংলা শাসন করেন।

## Skill Builder-01

১. 'রাজতরঙ্গিনী' ইতিহাস গ্রন্থের রচয়িতা কে?
(ক) হিরোডোটাস (খ) কলহন (গ) আবুল ফজল (ঘ) জিয়াউদ্দিন

২. বীর আলেকজান্ডারের শিক্ষক কে ছিলেন?
(ক) সফোক্লিস (খ) সক্রেটিস (গ) এরিস্টটল (ঘ) প্লেটো

৩. মেগাস্থিনিস কার রাজসভার গ্রিক দূত ছিলেন?
(ক) চন্দ্রগুপ্ত মৌর্য (খ) অশোক (গ) ধর্মপাল (ঘ) সমুদ্র গুপ্ত

CAPSTONE

৪. "অর্থশাস্ত্র" এর রচয়িতা কে?
(ক) কৌটিল্য (খ) বাণভট্ট (গ) আনন্দভট্ট (ঘ) মেগাসস্থিনিস

৫. বৌদ্ধ ধর্মের কনস্টানটাইন কাকে বলা হয়?
(ক) অশোক (খ) চন্দ্রগুপ্ত (গ) মহাবীর (ঘ) গৌতম বুদ্ধ

৬. চীন দেশের কোন ভ্রমনকারী গুপ্তযুগে বাংলাদেশ আগমন করেন?
(ক) হিউয়েন সাঙ (খ) ফা-হিয়েন (গ) আইসিং (ঘ) উপরের সবগুলোই

৭. বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা হলেন-
(ক) ধর্মপাল (খ) গোপাল (গ) শশাঙ্ক (ঘ) দ্বিতীয় চন্দ্রগুপ্ত

৮. শশাঙ্কের রাজধানী ছিল-
(ক) কর্ণসুবর্ণ (খ) গৌড় (গ) নদীয়া (ঘ) ঢাকা

৯. পাল যুগের পুথিচিত্র কোন বস্তুর উপর আকা হয়েছিল?
(ক) কাগজ (খ) টিন (গ) পাথর (ঘ) তালপাতা

১০. বাংলার শেষ হিন্দু রাজা কে ছিলেন?
(ক) বিজয় সেন (খ) লক্ষন সেন (গ) হেমন্ত সেন (ঘ) বল্লাল সেন

## ভারত বর্ষে মুসলিম শাসন

**সিন্ধু বিজয়ঃ**

১। ইরাকের শাসনকর্তা হাজ্জাজ বিন ইউসুফের জামাতা বিন কাশিম মাত্র ১৭ বছর বয়সে ৭১২ খ্রিস্টাব্দে সিন্ধু রাজা দাহিরকে পরাজিত করে ভারতবর্ষের মুসলিম শাসনের সূচনা করেন।

**সুলতান মাহমুদ**

১। বিন কাশিমের সিন্ধু বিজয়ের পর গজনির সুলতান মাহমুদ ১০০০-১০২৭ সাল পর্যন্ত ১৭ বার ভারত বর্ষ আক্রমণ করেন।
২। সুলতান মাহমুদের রাজসভার কবি ছিলেন মহাকবি ফেরদৌস।
৩। ফেরদৌস রচিত গ্রন্থের নাম 'শাহনামা'।
৪। আল বিরুনী ছিলেন সুলতান মাহমুদের রাজসভার শ্রেষ্ঠতম দার্শনিক ও জ্যোতির্বিদ।

**মুহাম্মদ ঘুরী**

১। শিহাবুদ্দীন মুহাম্মদ ঘুরী নামে পরিচিত।
২। ভারত বর্ষে প্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করে।
৩। তরাইনের যুদ্ধ সংঘটিত হয়।

| যুদ্ধের নাম | তরাইনের প্রথম যুদ্ধ | তরাইনের ২য় যুদ্ধ |
|---|---|---|
| প্রতিপক্ষ | মুহাম্মদ ঘুরী ও পৃথ্বিরাজ চৌহান | |
| সময়কাল | ১১৯১ খ্রিস্টাব্দ | ১১৯২ খ্রিস্টাব্দ |
| ফলাফল | মুহাম্মদ ঘুরী শোচনীয়ভাবে পরাজিত হয়ে স্বদেশ প্রত্যাবর্তন করেন। | পৃথ্বিরাজ চৌহান পরাজিত ও নিহন হন। মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। |

## দিল্লি সালতানাত

### দাস বংশ (তুর্কি শাসন): (১২০৬-১২৯০ খ্রিস্টাব্দ)

কুতুব উদ্দীন আইবেক → ইলতুৎমিশ → সুলতানা রাজিয়া → নাসির উদ্দীন মাহমুদ → গিয়াস উদ্দীন বলবান

**সুলতান কুতুব উদ্দীন আইবেক: (১২০৬-১২১০ খ্রিস্টাব্দ)**

১। উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা।
২। তুর্কিস্তানের অধিবাসী ছিলেন।
৩। দানশীলতার জন্য তাকে 'লাখবক্স' বলা হত।
৪। দিল্লীর সুউচ্চ 'কুতুব মিনার' নির্মান কাজ আরম্ভ করেন।

** দিল্লির বিখ্যাত সাধক কুতুব উদ্দীন বখতিয়ার ককীর নামানুসারে 'কুতুব মিনার' নামকরণ করা হয়।

**সুলতান শামস উদ্দীন ইলতুৎমিশ: (১২১১-১২৩৬ খ্রিস্টাব্দ)**

১। দিল্লী সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা।
২। তিনি ছিলেন কুতুবুদ্দীন আইবেকের জামাতা।
৩। ভারতের মুসলমান শাসকদের মধ্যে তিনিই প্রথম মুদ্রা চালু করেন।
৪। তার উপাধি ছিল 'সুলতান-ই আযম'।
৫। কুতুব মিনারের নির্মান কাজ শেষ করেন।

**সুলতানা রাজিয়া: (১২৩৬-১২৪০ খ্রিস্টাব্দ)**

১। তিনি ছিলেন ইলতুৎমিশের কন্যা।
২। দিল্লীর সিংহাসনে আরোহনকারী ১ম মুসলমান নারী।

**সুলতান নাসির উদ্দীন মাহমুদ (১২৪৬-১২৬৬ খ্রিস্টাব্দ)**

১। তিনি ছিলেন ইলতুৎমিশের পুত্র ও সুলতান রাজিয়ার ছোট ভাই।
২। সরল ও অনাড়ম্বর জীবন যাপনের জন্য 'ফকির বাদশাহ' নামে পরিচিত।
৩। তিনি কুরআন নকল ও টুপি সেলাই করে জীবিকা নির্বাহ করতেন।

**সুলতান গিয়াস উদ্দীন বলবান: (১২৬৬-১২৮৭ খ্রিস্টাব্দ)**

১। 'ভারতের তোতা পাখি' নামে পরিচিত। আমির খসরু গিয়াস উদ্দীন বলবানের দরবার অলংকৃত করেন।

## খিলজী বংশ: (১২৯০-১৩২০ খ্রিস্টাব্দ)

**সুলতান আলাউদ্দীন খিলজি: (১২৯৬-১৩১৬ খ্রিস্টাব্দ)**

১। পর্যটক ইবনে বতুতা আলাউদ্দীন খিলজীকে 'দিল্লীর শ্রেষ্ঠ সুলতান' বলে অভিহিত করেন।
২। বিখ্যাত 'আলা-ই দারওয়াজা' তারই কীর্তি।
৩। প্রথম মুসলিম শাসক হয়ে দক্ষিণ ভারত জয় করেন।

## তুঘলক বংশ: (১৩২০-১৪১৩ খ্রিস্টাব্দ)

গিয়াস উদ্দীন তুঘলক → মুহাম্মদ বিন তুঘলক → মাহমুদ শাহ

**গিয়াস উদ্দীন তুঘলক: (১৩২০-১৩২৫ খ্রিস্টাব্দ)**

১। তুঘলক বংশের প্রতিষ্ঠাতা।
২। উত্তর-পশ্চিত সীমান্ত অঞ্চলে কমপক্ষে ২৯ বার আক্রমণ প্রতিরোধ করায় 'মালিক গাজি' উপাধিতে অভিহিত হন।

**মুহাম্মদ বিন তুঘলক: (১৩২৫-১৩৫১ খ্রিস্টাব্দ)**

১। দিল্লী সালতানাতের সবচেয়ে উচ্চাভিলাসী সুলতান।
২। সাম্রাজ্যের কেন্দ্রীয় রাজধানী দিল্লি থেকে দেবগিরিতে স্থানান্তর করেন। পরে পুনরায় দিল্লিতে ফিরিয়ে আনেন।
৩। সোনা ও রূপার মুদ্রার বদলে তামার মুদ্রার প্রচলন ঘটান।
৪। তাঁর শাসনামলে ১৩৩৩ খ্রিস্টাব্দে ইবনে বতুতা ভারত বর্ষে আসেন।

**মাহমুদ শাহ:**

১। তুঘলক বংশের সর্বশেষ সুলতান।
২। তার সময়ে তুর্কি বীর তৈমুর লং ১৩৯৮ সালে ভারত আক্রমণ করেন।

**খান জাহান আলী :**

১। ১৩৬৯ সালে দিল্লী সম্ভ্রান্ত পরিবারে জন্ম গ্রহণ করেন।
২। ১৩৮৯ সালে তুঘলক সেনাবাহিনীর সেনাপতি পদে যোগদান করেন।
৩। পঞ্চদশ শতকে বাগেরহাটে 'ষাট গম্বুজ মসজিদ' নির্মান করেন।

## লোদী বংশ: (১৪৫১-১৫২৬ খ্রিস্টাব্দ)

**ইব্রাহিম লোদী:**

১। ১৫২৬ সালে পানি পথের ১ম যুদ্ধে বাবরের নিকট পরাজয়ের মাধ্যমে দিল্লি সালতানাতের পতন ঘটে।

২। লোদী বংশের সর্বশেষ শাসক।

## মুঘল সাম্রাজ্যঃ (১৫২৬-১৮৫৭ খ্রিস্টাব্দ)

জহিরুদ্দিন মুহাম্মদ বাবর → মুহাম্মদ হুমায়ুন → আকবর →জাহাঙ্গীর → শাহজাহান → আওরঙ্গজেব → মুহাম্মদ শাহ → ২য় বাহাদুর শাহ।

- ❖ জহিরুদ্দিন মুহাম্মদ বাবর ১৫২৬ সালে ইব্রাহিম লোদীকে পানি পথের প্রথম যুদ্ধে পরাজিত করেন মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন।
- ❖ মুঘল আমলে ফৌজদারী মামলার প্রধান বিচারপতির উপাধি ছিল 'কাজিউল কুজাত'।

## পানি পথ

(i) ভারতের হরিয়ানা রাজ্যের একটি শহর।
(ii) এটি দিল্লী থেকে ৯০ কিলোমিটার উত্তরে, যমুনা নদীর তীরে অবস্থিত।

| যুদ্ধ | পানিপথের প্রথম যুদ্ধ | পানিপথের দ্বিতীয় যুদ্ধ | পানিপথের তৃতীয় যুদ্ধ |
|---|---|---|---|
| প্রতিপক্ষ | বাবর | আকবরের সেনাপতি বৈরাম খান | আহমদ শাহ আবদালি |
| | ইব্রাহিম লোদী | আফগান নেতা হিমু | মারাঠা |
| সময় | ২১ এপ্রিল, ১৫২৬ | ১৫৫৬ | ১৭৬১ |
| ফলাফল | ইব্রাহিম লোদী পরাজিত ও নিহত হন। | হিমু পরাজিত ও নিহত হন। | মারাঠারা পরাজিত হয়। বাংলায় এরা বর্গী নামে পরিচিত ছিল। |

### জহিরুদ্দিন মুহাম্মদ বাবরঃ (১৫২৬-১৫৩০ খ্রিস্টাব্দ)

১। মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা।
২। তিনি পিতার দিক থেকে তৈমুর লং ও মায়ের দিক থেকে চেঙ্গিস খানের বংশধর।
৩। ১৫২৭ খ্রিস্টাব্দে অযোধ্যায় 'বাবরি মসজিদ' নির্মান করেন।
৪। 'তুযুখ-ই বাবর' বা 'বাবর নামা' নামে আত্মজীবনীমূলক গ্রন্থ রচনা করেন। এটি তুর্কি ভাষায় রচিত।
❖ ১৯৯২ সালে ৬ ডিসেম্বর উগ্রবাদী হিন্দুগোষ্ঠী ঐতিহাসিক বাবরি মসজিদটি ভেঙ্গে ফেলে।

### নাসির উদ্দীন মুহাম্মদ হুমায়ুনঃ (১৫৩০-১৫৪০ খ্রিস্টাব্দ)

১। ১৫৩৮ খ্রিস্টাব্দে গৌড় অধিকার করেন ও নাম দেন 'জান্নাতবাদ'।
২। ১৫৩৯ সালে শেরশাহের নিকট চৌসার যুদ্ধে পরাজিত হন।
৩। ১৫৪০ সালে কনৌজের যুদ্ধে শের শাহের নিকট পুনরায় পরাজিত হন।
৪। ১৫৫৫ সালে পারস্য সম্রাটের সহায়তায় পুনরায় দিল্লী অধিকার করেন।
৫। ১৫৫৬ সালে পাঠাগারের সিঁড়ি থেকে পড়ে গিয়ে মৃত্যুবরণ করেন।

### জালাল উদ্দীন মুহাম্মদ আকবরঃ (১৫৫৬-১৬০৫ খ্রিস্টাব্দ)

১। হুমায়ুনের মৃত্যুর পর ১৩ বছর বয়সে সিংহাসনে আরোহন করেন।
২। বৈরাম খান আকবরের রাজ প্রতিনিধি নিযুক্ত হন।
৩। ১৫৫৬ সালে পানি পথের ২য় যুদ্ধে হিমুকে পরাজিত করেন।
৪। তিনি ১৫৭৬ সালে বাংলা জয় করেন।
৫। তীর্থ ও জিজিয়া কর রহিত করেন।
৬। 'দ্বীন-এ এলাহি' নামের নতুন ধর্মের প্রবর্তন করেন।
৭। তিনি বাংলা সৌর বর্ষ পঞ্জিকা প্রবর্তন করেন ১৫৮৪ সালে।
৮। তার রাজ সভায় বিখ্যাত ব্যক্তিদের উপস্থিতি ছিল। মানসিংহ ছিলেন আকবরের সেনাপতি।
৯। আবুল ফজল রচিত 'আইন-ই আকবরী' গ্রন্থে দেশবাচক বাংলা শব্দ ব্যবহৃত হয়।
১০। আকবরের রাজ সভার গায়ক তানসেনকে 'বুলবুল-ই হিন্দ' বলা হয়।
১১। ১৬০৫ সালে সম্রাট আকবর মৃত্যু বরণ করেন এবং তাতে ভারতের সেকেন্দ্রায় সমাহিত করা হয়।

### নূর উদ্দীন মুহাম্মদ জাহাঙ্গীরঃ (১৬০৫-১৬২৭ খ্রিস্টাব্দ)

১। সম্রাট জাহাঙ্গীর বাংলায় মুঘল শাসন সুপ্রতিষ্ঠিত করেন। আকবর বাংলা জয় করলেও মুঘল শাসন সুপ্রতিষ্টিত হয়নি তখন।
২। ১৬১১ খ্রিস্টাব্দে জাহাঙ্গীর নূর জাহানকে বিবাহ করেন। নূর জাহানের বাল্য নাম মেহেরুন নেছা।
৩। সম্রাট জাহাঙ্গীর নিজ নামে মুদ্রার প্রচলন করেন।
৪। তিনি সরকারি কাজে ফারসি ভাষা চালু করেন।
৫। তাঁর রাজত্বকালে ভারত বর্ষে পর্তুগিজ, ওলন্দাজ ও ইংরেজদের আগমন ঘটে।
৬। জাহাঙ্গীরের সময়ে মুঘল প্রদেশগুলো 'সুবা' নামে পরিচিত ছিল।
৭। সম্রাট জাহাঙ্গীরের আত্মজীবনীমূলক গ্রন্থ 'তুযুক-ই জাহাঙ্গীর'।
৮। তাঁর সমাধি পাকিস্তানের লাহোরে অবস্থিত।

**শাহজাহান ওরফে খুররম: (১৬২৮-১৬৫৮ খ্রিস্টাব্দ)**

১। সম্রাট শাহজাহানকে 'Prince of builders' বলা হয়।
২। আগ্রার তাজমহল, ময়ূর সিংহাসন, দিল্লির মতি মসজিদ, দিওয়ান-ই আম, দিওয়ান-ই খাস, সম্রাট শাহজাহানের অমর কীর্তি।
৩। শাহজাহানের স্ত্রীর নাম মমতাজ।
৪। স্ত্রীর স্মৃতিকে অমর করে রাখতে শাহজাহান নির্মান করেন আগ্রার তাজমহল।
৫। তাজমহলের স্থপতি ছিলেন পারস্যের ওস্তাদ আহমেদ লাহোরী।
৬। সম্রাট শাহজাহানের মুকুটে বিখ্যাত 'কোহিনূর হীরা' শোভা বর্ধন করত।

**আওরঙ্গজেব: (১৬৫৮-১৭০৭ খ্রিস্টাব্দ)**

১। তিনি সম্রাট আলমগীর নামে পরিচিত।
২। শাহজাহানের স্ত্রী মমতাজের গর্ভে চার পুত্র ও দুই কন্যা জন্ম গ্রহণ করেন। উত্তরাধিকার সংক্রান্ত যুদ্ধে ভাই দারা ও দুই বোন আওরঙ্গজেবকে সমর্থন করেন এবং বাকিদের পরাজিত করে আওরঙ্গজেব ক্ষমতায় বসেন।
৩। ১৬৬১ সালে বাংলার সুবাদার মীর জুমলা বিনা যুদ্ধে কুচবিহার মুঘল সাম্রাজ্যের অন্তর্ভূক্ত করেন এবং নাম রাখে 'আলমগীর নগর'।
৪। অত্যন্ত ধর্ম প্রাণ মুসলমান হওয়ার কারণে তাকে 'জিন্দাপীর' বলা হয়।
৫। তিনি 'জিজিয়া কর' পুনঃস্থাপন করেন।
৬. সম্রাট আওরঙ্গজেবের মৃত্যুর পর মুঘল সাম্রাজ্য ধীরে ধীরে পতনের দিকে ধাবিত হয়।

**মুহাম্মদ শাহ:**

১। মুঘল সাম্রাজ্যের দুর্বল ও আকমর্ণ্য সম্রাট ছিলিন মুহাম্মদ শাহ।
২। তার শাসনামলে ১৭৩৯ খ্রিস্টাব্দে পারস্যের নাদির শাহ ভারত আক্রমণ করেন 'কোহিনূর হীরা', "ময়ূর সিংহাসন" ও প্রচুর ধনরত্ম পারস্যে নিয়ে যায়।
৩। ময়ূর সিংহাসনটি বর্তমানে ইরানে সংরক্ষিত আছে ও কোহিনূর হীরাটি ইংল্যান্ডের রাণীর রাজ প্রাসাদে।

**দ্বিতীয় বাহাদুর শাহ: (১৮৩৭-১৮৫৭ খ্রিস্টাব্দ)**

১। সর্বশেষ মুঘল সম্রাট ছিলেন দ্বিতীয় বাহাদুর শাহ ।
২। সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ খ্রিস্টাব্দে তাকে রেঙ্গুনে (বর্তমান ইয়াঙ্গুন) নির্বাসন দেওয়া হয়।
৩। ১৮৬২ সালে তিনি রেঙ্গুনে মৃত্যু বরণ করেন এবং সেখানেই তাকে সমাহিত করা হয়।

**শূর শাসন: (১৫৪০-১৫৫৫ খ্রিস্টাব্দ)**

১। শের শাহের প্রকৃত নাম শের খান।
২। ১৫৩৯ সালে চৌসার যুদ্ধে হুমায়ুনকে পরাজিত করে 'শের শাহ' উপাধি গ্রহণ করেন।
৩। ১৫৪০ সালে তিনি বাংলা দখল করেন।
৪। ১৫৪০ সালেই হুমায়ুনকে পরাজিত করে দিল্লি অধিকার করে উপমহাদেশের আফগান সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন।
৫। তিনি সোনারগাঁও থেকে লাহোর পর্যন্ত ৪৮৩০ কিলোমিটার মহাসড়ক নির্মান করেন। মহাসড়কটির নির্মানকালীন নাম ছিল 'সড়ক-ই আজম'।
❖ পরবর্তীতে ইংরেজরা সড়কটি সংস্কার করেন এর নাম দেয় 'গ্রান্ড ট্রাঙ্ক রোড'।
৬। শের শাহ 'কবুলিয়াত' ও 'পাট্টা' ব্যবস্থার প্রচলন করেন।
৭। তিনি উপমহাদেশে সর্ব প্রথম ঘোড়ার ডাক ব্যবস্থার প্রচলন করেন।
৮। তিনি মুদ্রা ব্যবস্থার সংস্কার করেন।
৯। শের শাহ 'দাম' নামক রূপার মুদ্রার প্রচলন করেন।

## বাংলায় মুসলিম শাসন

**ইখতিয়ার উদ্দীন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজি:**

১। মুহাম্মদ ঘুরীর সেনাপতি কুতুব উদ্দীন আইবেকের অনুমতিক্রমে তুর্কি বীর বখতিয়ার খিলজি ১২০৪ সালে নদীয়া আক্রমণ করেন।
২। লক্ষণ সেনকে পরাজিত করার মধ্য দিয়ে বাংলায় মুসলিম শাসনের সূচনা করেন বখতিয়ার খিলজি।
৩। তিনি বাংলার রাজধানী নদীয়া থেকে দেবকোটে স্থানান্তর করেন।
❖ তার মৃত্যুর পর গিয়াস উদ্দীন ইওজ খিলজি ক্ষমতায় অধিষ্ঠিত হন।

## বাংলায় তুর্কি শাসন

১। বাংলায় মুসলিম (তুর্কি) শাসনের প্রাথমিক পর্যায় ছিল (১২০৪-১৩৩৮) সাল পর্যন্ত।
২। এ যুগের শাসনকর্তারা সবাই দিল্লীর অধীনে শাসনকর্তা হয়ে আসলেও পরবর্তীতে অনেকেই দিল্লির বিরুদ্ধে বিদ্রোহ করেন যদিও কোনটিই সফল হয়নি।
৩। ঘনঘন বিদ্রোহ সংগটিত হওয়ায় ঐতিহাসিক জিয়া উদ্দীন বারানি বাংলার নাম দিয়েছিলেন 'বুলগাকপুর' বা 'বিদ্রোহের নগরী'।

## বাংলায় সুলতানি শাসন (১৩৩৮-১৫৩৮ খ্রিস্টাব্দ)

❖ দিল্লির সুলতানগণ ১৩৩৮-১৫৩৮ সাল পর্যন্ত ২০০ বছর বাংলাকে তাদের অধিকারে রাখতে পারেননি। এ সময় বাংলার শাসকগণ স্বাধীনভাবে বাংলা শাসন করেন।

**ফখর উদ্দীন মুবারক শাহ: (১৩৩৮-১৩৪৯ খ্রিস্টাব্দ)**

১। ১৩৩৮ সালে সোনরগাঁও দখলের মাধ্যমে বাংলার প্রথম স্বাধীন সুলতান হন ফখর উদ্দীন মুবারক শাহ।
২। তাঁর পূর্বনাম ফখরা।
৩। ১৩৪৫ সালে মরক্কোর পরিব্রাজক ইবনে বতুতা সোনারগাঁও এসেছিলেন।
৪। ইবনে বতুতা প্রথম বিদেশী পর্যটক হিসেবে তাঁর 'কিতাবুল রেহালা' গ্রন্থে 'বাঙ্গালা' শব্দটি ব্যবহার করেন।
৫। তিনি সম্পূর্ণ বাংলা দখল করতে সক্ষম হয়নি।
৬। ইবনে বতুতা বাংলাদেশকে 'দোযখ-ই-পুর নিয়ামত' বা 'ধন সম্পদপূর্ণ নরক' বলে অভিহিত করেছেন।
৭। ফখর উদ্দীন মুবারক শাহের রাজধানী ছিল সোনারগাঁও।

**উপমহাদেশে আগমনকারী বিখ্যাত পরিব্রাজকগণ**

| পরিব্রাজকের নাম | দেশ | যার শাসনামলে আগমন | ভারতে আগমন | বাংলায় আগমন |
|---|---|---|---|---|
| মেগাস্থিনিস | গ্রিস | চন্দ্রগুপ্ত মৌর্য | খ্রিস্ট পূর্ব ২০৩ | - |
| ফা-হিয়েন | চীন | ২য় চন্দ্র গুপ্ত | পঞ্চম শতকের প্রথমার্ধে | - |
| হিউয়েন সাং | চীন | হর্ষ বর্ধন | ৬৩০ | ৬৩৮ |
| ইবনে বতুতা | মরক্কো | মুবারক শাহ | ১৩৩৩ | ১৩৪৬ |
| মা-হুয়ান | চীন | গিয়াস উদ্দীন আজম শাহ | - | ১৪০৬ |

## ইলিয়াস শাহী বংশ: (১৩৪২-১৪১২ খ্রিস্টাব্দ)

ইলিয়াস শাহ → সিকান্দার শাহ → গিয়াস উদ্দীন → আজম শাহ

**সুলতান শামস উদ্দীবন ইলিয়াস শাহ: (১৩৪২-১৩৫৮ খ্রিস্টাব্দ)**

১। ১৩৫২ সালে ইলিয়াস শাহ পুরো বাংলা অধিকার করেন। এজন্য ঐতিহাসিক শামস-ই সিরাজ তাকে 'শাহ্-ই বাঙ্গালাহ' উল্লেখ করেন।
২। 'বাঙ্গালাহ' নামটি তার সময় থেকেই শুরু হয়।
৩। তিনি রাজধানী গৌড় থেকে পাভুয়ায় স্থানান্তর করেন।
৪। বিখ্যাত সুফী সাধক শেষ সিরাজ উদ্দীন ও শেখ বিয়াবানী তার সময়েই বাংলায় এসেছিলেন।

**সুলতান সিকান্দার শাহ: (১৩৫৮-১৩৯০ খ্রিস্টাব্দ)**

১। পাভুয়ার বিখ্যাত আদিনা মসজিদ সিকান্দার শাহের অমর কীর্তি।

**সুলতান গিয়াস উদ্দীন আজম শাহ: (১৩৯০-১৪১১ খ্রিস্টাব্দ)**

১। সুলতানি যুগের সবচেয়ে জনপ্রিয় শাসক গিয়াস উদ্দীন আজম শাহ।
২। পারস্যের কবি হাফিজের সাথে তার পত্র যোগোযোগ ছিল।
৩। বাংলা সাহিত্যের প্রথম বাঙ্গালী কবি শাহ্ মুহাম্মদ সগীর তারই পৃষ্ঠপোষকতায় বিখ্যাত 'ইউসুফ জোলেখা' কাব্য রচনা করেন।
৪। তাঁর আমলে মা-হুয়ান নামক চীনা পর্যটক বাংলা ভ্রমণ করেন।

## রাজা গণেশ ও হাবসি শাসন

১। ১৪১৪-১৫ খ্রিস্টাব্দে হিন্দু অভিজাত রাজা গণেশ বাংলার ক্ষমতা দখল করেন।
২। তিনি প্রায় ৩০ বছর রাজত্ব করেন।

**হাবসি শাসন: (১৪৮৭-১৪৯৩ খ্রিস্টাব্দ)**

১। বাংলায় হাবসি শাসন স্থায়ী হয়েছিল ৬ বছর।
২। চারজন হাবসি শাসকের তিন জনকেই হত্যা করা হয়।
৩। হাবসি নেতা সুলতান শাহজাদা 'বরবক শাহ' উপাধি নিয়ে প্রথম ক্ষমতায় বসেন।

## হুসাইন শাহী শাসন: (১৪৯৩-১৫৫৮ খ্রিস্টাব্দ)

আলাউদ্দীন হুসাইন শাহ → নাসির উদ্দীন নুসরাত শাহ → গিয়াস উদ্দীন মাহমদু শাহ।

### আলাউদ্দীন হুসাইন শাহ: (১৪৯৩-১৫১১ খ্রিস্টাব্দ)

১। বাংলার স্বাধীন সুলতানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন আলাউদ্দিন হুসাইন শাহ।
২। তাঁর সময় বাংলার রাজধানী ছিল গৌড়।
৩। তাঁর শাসনামলে গৌড়ের ছোট সোনা মসজিদ নির্মিত হয়।
৪। হুসেইন শাহ্র রাজত্বকালে শ্রীচৈতন্য নদীয়ায় বৈষ্ণব আন্দোলন গড়ে তোলে।
৫। এ সময় বাংলা গজল ও সুফী সাহিত্যের সৃষ্টি হয়।

### নাসির উদ্দীন নুসরাত শাহ: (১৫১৯-১৫৩২ খ্রিস্টাব্দ)

১। গৌড়ের বিখ্যাত 'বড় সোনা মসজিদ' (বারদুর মসজিদ) এবং কদম রাসুল ভবন তাঁর অমর কীর্তি।

### গিয়াস উদ্দীন মাহমদু শাহ:

১। বাংলার সর্বশেষ স্বাধীন সুলতান।
২। ১৫৩৮ সালে শের শাহ গৌড় দখল করলে বাংলার ২০০ বছরের স্বাধীন সুলতানি যুগের অবসান হয়।

## বারো ভুঁইয়াদের ইতিহাস

- সম্রাট আকবর তাঁর শাসনামলে সম্পূর্ণ বাংলার উপর কৃর্তত্ব স্থাপন করতে পারেননি। স্থানীয় বড় বড় জমিদাররা মুঘলদের অধীনতা মেনে না নিয়ে স্বাধীনভাবে নিজ নিজ জমিদারী পরিচালনা করতেন।
  ** স্বাধীনতা রক্ষার জন্য তাঁরা একজোট হয়ে মুঘলদের বিরুদ্ধে লড়তেন। ইতিহাসে এই জমিদারগণ বারো ভূঁইয়া নামে পরিচিত।
- এদের মধ্যে ঈসা খাঁ, মুসা খাঁ, কেদার রায়, প্রতাপাদিত্য উল্লেখযোগ্য।

### ঈসা খা: (১৫২৯-১৫৯৯ খ্রিস্টাব্দ)

১। বারো ভুঁইয়াদের নেতা ছিলেন ঈসা খাঁ।
২। ঈসা খাঁ-এর রাজধানী ছিল সোনারগাঁও।
৩। আকবরের পক্ষে কখনও ঈসা খাঁকে পরাজিত করা সম্ভব হয়নি।
- ঈসা খাঁ-এর মৃত্যুর পর পুত্র মুসা খাঁ বারো ভূঁইয়াদের নেতা হন। এদিকে আকবরের মৃত্যুর পর মুঘল সম্রাট হন জাহাঙ্গীর। তার আমলেই সুবাদার ইসলাম খাঁনের নেতৃত্বে বারো ভুঁইয়াদের চূড়ান্তভাবে দমন করা হয়।

৪। ঈসা খাঁর স্মৃতি বিজড়িত মধ্যযুগীয় দুর্গ হচ্ছে 'এগারো সিন্ধুর দুর্গ'। এই দুর্গটিকে তিনি শক্তিশালী সামরিক ঘাঁটিতে পরিনত করেন। দুর্গটি কিশোরগঞ্জ জেলায় অবস্থিত।

## বাংলায় সুবদারী শাসন

- বারো ভুঁইয়াদের দমনের পর সমগ্র বাংলায় সুবেদারী শাসন প্রতিষ্ঠিত হয়। মুঘল প্রদেশগুলো সুবা নামে পরিচিত ছিল।
- বাংলা ছিল মুঘলদের অন্যতম সুবা।

ইসলাম খান → কাসিম খান জুয়িনী → শাহ সুজা → মীর জুমলা → শায়েস্তা খান

### ইসলাম খান: (১৬০৮-১৬১৩ খ্রিস্টাব্দ)

১। বাংলায় নিযুক্ত প্রথম সুবেদার ইসলাম খান।
২। তিনি বারো ভুঁইয়াদের পরাজিত করে সুবেদারি শাসন প্রতিষ্ঠা করেন।
৩। ১৬১০ সালে বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন।
৪। সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার নামকরণ করেন জাহাঙ্গীরনগর।
৫। ঢাকার ধোলাই খাল খনন করেন।
৬। নৌকা বাইচের প্রচলন করেন।

### কাসিম খান জুয়িনী: (১৬২৮-১৬৩২ খ্রিস্টাব্দ)

১। পর্তুগীজদের অত্যাচারের মাত্রা চরমে উঠলে সম্রাট শাহজাহানের আদেশে পর্তুগীজদের হুগলি থেকে উচ্ছেদ করেন।

**শাহ সুজা:**

১। শাহ সুজা সম্রাট শাহজাহানের ২য় পুত্র।

২। তিনি ঢাকার চকবাজারে 'বড় কাটরা' নির্মান করেন।

**মীর জুমলা: (১৬৬০-১৬৬৩ খ্রিস্টাব্দ)**

১। 'ঢাকা গেট' নির্মান করেন।

২। ১৬৬৩ সালে আসাম যুদ্ধ পরিচালনা করেন। এ যুদ্ধে তার ব্যবহৃত কামানটি ওসমানী উদ্যানে সংরক্ষিত আছে।

**শায়েস্তা খান: (১৬৬৪-১৬৮৮ খ্রিস্টাব্দ)**

১। শায়েস্তা খানের আমলে চকবাজারের ছোট কাটরা, লালবাগ কেল্লা, সাত গম্বুজ মসজিদ, চক মসজিদ নির্মিত হয়।

২। তার উৎসাহে মীর মুরাদ হোসনী দালান নির্মান করেন।

৩। তাঁর সময়ে ১ টাকায় আট মন চাল পাওয়া যেত।

৪। তিনি চট্টগ্রাম ও সন্দ্বীপ দখল করেন।

৫। তিনি চট্টগ্রামের নাম রাখেন ইসলামাবাদ।

৬। তিনি মগ ও পর্তুগীজ জলদস্যুদের চট্টগ্রাম অঞ্চল থেকে বিতাড়িত করেন।

৭। শায়েস্তা খানের কন্যার নাম পরী বিবি। লালবাগ কেল্লায় পরীবিবির মাজার আছে।

৮। পরি বিবির আসল নাম ইরান দুখত্। মৃত্যু বরণ করেন ১৬৮৪ সালে।

CAPSTONE

# বাংলা নবাবী শাসন

নবাব মুর্শিদকুলী খান → আলীবর্দী খান → নবাব সিরাজ উদ্ দৌলা

**নবাব মুর্শিদকুলী খান (১৭১৭-১৭২৭ খ্রিস্টাব্দ)**

১। বাংলাদেশের প্রথম স্বাধীন নবাব।

২। তিনি বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিবাদে স্থানান্তর করেন।

**নবাব আলীবর্দী খান: (১৭৪০-১৬৫৬ খ্রিস্টাব্দ)**

১। আলীবর্দী খানের শাসনামলে মারাঠারা বাংলা, বিহার, উড়িষ্যা আক্রমন করত।

২। আলীবর্দী কান মারাঠাদের সাথে চুক্তি করে বাংলাকে বর্গীর আক্রমন থেকে রক্ষা করেন।

**নবাব সিরাজ উদ্ দৌলা: (১৭৫৬-১৭৫৭ খ্রিস্টাব্দ)**

১। সিরাজ উদ্ দৌলার প্রকৃত নাম মীর্জা মুহাম্মদ আলী।

২। তিনি বাংলার শেষ স্বাধীন নবাব।

৩। ১৭৫৬ সালের ১০ এপ্রিল তিনি সিংহাসনে আরোহন করেন।

৪। ১৭৫৬ সালে ইংরেজদের ফোর্ট উইলিয়াম দুর্গ অধিকার করেন।

৫। তিনি কলকাতার নাম রাখেন আলী নগর।

## অন্ধকূপ হত্যা কাহিনী

নবাবের কলকাতা অভিযানকালে হলওয়েলসহ কতিপয় ইংরেজ কর্মচারী ফোর্ট উইলিয়ামে বন্দী হয়েছিলেন। হলওয়েলের বর্ণনা মতে,

- নবাব ১৪৬ জন ইংরেজ বন্দীকে ক্ষুদ্র অন্ধকার কক্ষে বন্দী করেন।
- জুন মাসের প্রচণ্ড গরমে ১২৩ জন বন্দীই শ্বাসরুদ্ধ হয়ে মারা যায়।

এটিই অন্ধকূপ হত্যা কাহিনী। এর কোনো ঐতিহাসিক সত্যতা পাওয়া যায়নি।

## পলাশীর যুদ্ধ

১। ১৭৫৭ সালের পলাশীর প্রান্তরে (ভাগীরথী নদীর তীরে) এ যুদ্ধ সংগঠিত হয়।

২। মীর মদন, মোহন লাল সহ অনেকেই নবাবের পক্ষে যুদ্ধ করলেও নবারের সেনাপতি মীর জাফর, উঁমিচাদ, জগতশেঠ, রায়দুলর্ভদের বিশ্বাসঘাতকতায় নবার পরাজিত হন।

৩। মীর জাফরের পুত্র মীরনের নির্দেশে মোহাম্মদী বেগ নবাব সিরাজ উদ্ দৌলাকে নির্মমভাবে হত্যা করা হয়।

**মীর কাশিম: (১৭৬০-১৭৬৪ খ্রিস্টাব্দ)**

১। মীর কাশিম ছিলেন মীর জাফরের জামাতা।

২। ১৭৬০ সালের ২০ অক্টোবর মসনদে আরোহন করেন।

৩। তিনি প্রশাসনকে ইংরেজ প্রভাবমুক্ত করার জন্য বাংলার রাজধানী মুর্শিদাবাদ থেকে মুঙ্গেরে স্থাপন করেন।

৪। তিনি পাটনা থেকে ইংরেজদের বিতাড়িত করতে সক্ষম হয়েছিল।

## বক্সারের যুদ্ধ

১। ১৭৬৪ সালের ২ অক্টোবর এ যুদ্ধ সংঘঠিত হয়।

২। মীর কাসিমের পক্ষে অযোদ্ধা ও দিল্লির সম্রাটের বাহিনীর সমন্বয়ে গঠিত মিত্র বাহিনী ও ইংরেজ বাহিনীর মধ্যে এ যুদ্ধ হয়।

৩। মীর কাশিমের বাহিনী শোচনীভাবে পরাজিত হয়।

৪। পরাজয়ের ফলে উপমহাদেশের সার্বভৌত্ব ইংরেজদের নিকট পদানত হয়।

## Skill Builder-02

১. বাংলার 'চিরস্থায়ী বন্দোবস্ত' প্রবর্তন করা হয় কত সালে?
(ক) ১৭০০ (খ) ১৭৬২ (গ) ১৯৬৫ (ঘ) ১৭৯৩

২. লর্ড ক্যানিং ভারত উপমহাদেশে সর্বপ্রথম কোন ব্যবস্থা চালু করেন?
(ক) চিরস্থায়ী বন্দোবস্ত (খ) সতীদাহ নিবারন (গ) দ্বৈত শাসন (ঘ) পুলিশ

৩. ভারতের শাসনভার ইংল্যান্ডের রাণী ও পার্লামেন্টের হাতে অর্পিত হয়-
(ক) ১৭৫৮ সালে (খ) ১৮৫৮ সালে (গ) ১৭৯২ সালে (ঘ) ১৮৬২ সালে

৪. ঢাকায় ১৮৫৭ সালে সিপাহি বিদ্রোহের স্মৃতি জড়িত স্থান-
(ক) রমনা পার্ক (খ) ন্যাশনাল পার্ক (গ) গুলশান পার্ক (ঘ) বাহাদুরশাহ পার্ক

৫. পূর্ব বাংলা ও আসামের প্রথম লেফটেন্যান্ট গভর্নর কে ছিলেন?
(ক) ফুলার (খ) কার্জন (গ) মিন্টো (ঘ) হেস্টিংস

৬. ফকির আন্দোলনের নেতা কে?
(ক) সিরাজ শাহ (খ) মোহসীন আলি (গ) মজনু শাহ (ঘ) জহীর শাহ

৭. গ্রান্ড ট্রাংক রোডের নির্মাতা কে?
(ক) বাবর (খ) আকবর (গ) শাহজাহান (ঘ) শেরশাহ

৮. তৈমুর লং ভারত আক্রমণ করেন-
(ক) ১৬৯৮ সালে (খ) ১৫৯৮ সালে (গ) ১৩৯৮ সালে (ঘ) ১২৯৮ সালে

৯. মুঘল সম্রাটদের মধ্যে আত্মজীবনী রচনা করেছিলেন-
